

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০১১
আগরতলা, ০৬ ডিসেম্বর, ২০১৭

মুঙ্গিয়াকামীতে আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে জাতীয় মহিলা কমিশনের আর্থিক সহায়তায় মুঙ্গিয়াকামী বি এ সি হলে দু'দিন ব্যাপী আইনী সচেতনতামূলক শিবির সম্প্রতি অনুষ্ঠিত হয়। এই আইনী সচেতনতা শিবিরের আয়োজনে সার্বিকভাবে সহায়তা করে মুঙ্গিয়াকামী আই সি ডি এস প্রজেক্ট। প্রদীপ জ্বালিয়ে এই শিবিরের সূচনা করেন মুঙ্গিয়াকামী বি এ সি'র চেয়ারম্যান এম ডি সি ধনঞ্জয় দেববর্মা। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা কমিশনের চেয়ারপার্সন মনিকা দত্তরায়। উপস্থিত ছিলেন ত্রিপুরা মহিলা কমিশনের সদস্য নিয়তি রায়বর্মন, এস ডি পি ও তাপস দেব, আইন বিশেষজ্ঞ মল্লিকা দেবনাথ, সি ডি পি ও সাবিত্রী দেববর্মা, কমিশনের সদস্য সচিব অপর্ণা দে এবং ত্রিপুরা আইন কলেজের সহকারী অধ্যাপিকা পাপড়ি দেববর্মা। আলোচনায় অংশ নিয়ে এম ডি সি ধনঞ্জয় দেববর্মা আইনী সচেতনতামূলক শিবিরের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে মহিলাদের জন্য গৃহীত বিভিন্ন আইন ও সরকারী স্কীম সম্পর্কে আলোচনা করেন সি ডি পি ও সাবিত্রী দেববর্মা। এস ডি পি ও তাপস দেব বক্তব্য রাখতে গিয়ে অভিযোগ দাখিল করার পদ্ধতি এবং জি ডি, এফ আই আর কি সেই সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানে আইন বিশেষজ্ঞ মল্লিকা দেবনাথ অপরাধ আইন নিয়ে আলোচনা করেন। অপরাধ কি, কোন অপরাধে কি ধরণের শাস্তি হয়, সেই সম্পর্কে বিশদ আলোচনা করেন। মহিলা কমিশনের সদস্য নিয়তি রায়বর্মন পণ প্রথা আইন ১৯৬১ নিয়ে আলোচনা করেন। পণ দেওয়া বা নেওয়া দুটোই আইনে অপরাধ। পণ নিতে বা দিতে যিনি মধ্যস্থতা করেন তিনিও অপরাধী সুতরাং এই পণ প্রথা থেকে দূরে থাকতে পরামর্শ দেন। তিনি জাতীয় মানব অধিকার কমিশনের কাজ সম্পর্কেও আলোচনা করেন। মহিলা কমিশনের চেয়ারপার্সন মনিকা দত্ত রায় পারিবারিক হিংসা কি সে সম্পর্কে আলোচনা করেন। পারিবারিক হিংসা প্রতিরোধক আইন ২০০৫ সম্পর্কে তিনি বিস্তারিত আলোচনা করেন।

ত্রিপুরা সরকারী আইন মহাবিদ্যালয়ের সহকারী অধ্যাপিকা পাপড়ি দেববর্মা মহিলাদের বিভিন্ন আইন, বিশেষ বিবাহ আইন, বিবাহ বিচ্ছেদ, মহিলাদের সম্পত্তির অধিকার ইত্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। মহিলা কমিশনের সদস্য সচিব অপর্ণা দে মহিলা এবং শিশুদের বিভিন্ন অধিকার এবং বিনামূল্যে কিভাবে আইনের সহায়তা পাওয়া যায় সে ব্যাপারে সবাইকে অবগত করেন। তিনি পণ বিরোধী সমাজ গঠনের কাজে সবাইকে এগিয়ে আসতে অনুরোধ করেন এবং ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের কর্মপদ্ধতি নিয়েও বিস্তারিত আলোচনা করেন।
